যুগান্তর

৩১/৮/২০০৩

তারিখ ........

পৃষ্ঠা ১০ কলাম ৬......

## জেনে নিন



**প্রথম উদ্যোগ**

আলোকিত মানুষ তৈরির ব্রতীতে আলো হাতে বিশ্ব সাহিত্য কেন্দ্র দেশে যে ভ্রাম্যমাণ লাইব্রেরি সুবিধার উদ্যোগ গ্রহণ করে চট্টগ্রামের কার্যক্রমটি ১৯৯৯ সালে রাজধানীতে বাস্তবায়নের পর এ জাতীয় প্রথম উদ্যোগ- যেখানে বিলাসবহুল সুপরিসর গাড়িটিতে প্রায় ১৭ হাজার বই রয়েছে। যার মধ্যে উল্লেখযোগ্য গল্প, উপন্যাস, প্রবন্ধ, ইতিহাস, দর্শন, সাহিত্য, রম্য-ভ্রমণ কাহিনী, সায়েন্স ফিকশন, কমিকস্ ও শিশুতোষ বই অন্যতম।

**উন্মুক্ত সুবিধাদি**

মাত্র ৪ আগস্ট উদ্বোধনের পর গত তিন সপ্তাহে চল্লিশ লাখ নগরবাসী অধ্যুষিত এই মহানগরীর বিভিন্ন বয়সী পাঠকরা যে আগ্রহ দেখিয়েছেন তাতে কর্তৃপক্ষ আগামী কয়েক মাসের মধ্যে এর সময় বৃদ্ধি নতুবা আগামী বছরের শুরুতে নতুন আরেকটি গাড়ি নামানোর কথা ভাবছেন বলে জানা গেল স্থানীয় সূত্রে। পাঠকদের জন্য বিবিধ সুবিধাদির মধ্যে এখানে রয়েছে মাত্র ১০ টাকায় বই পড়ার সুযোগ। ১০০ টাকায় সাধারণ সদস্য ও ২০০ টাকায় বিশেষ সদস্য হলে ১৫০ ও ২০০ টাকার অনধিক একটি বই বাড়িতে নিয়ে পড়ার সুযোগ রয়েছে।

**কোথায় কোনদিন যাচ্ছে**

উদ্বোধনের সময় থেকে সপ্তাহব্যাপী স্পট নির্ধারণ করে বিশ্ব সাহিত্য কেন্দ্র একটি অনুসরণিকা নির্দিষ্ট করেছে। রঙীন

# চট্টগ্রামে ভ্রাম্যমাণ লাইব্রে

কাগজে ছাপানো একটি লিফরেটও কর্তৃপক্ষ বিলাচ্ছে- যাতে পাঠকরা নির্দিষ্ট দিন ও সময়ে তার নিকটবর্তী স্থানে লাইব্রেরীর নাগাল পেতে পারে। মঙ্গলবার বন্ধবার হিসেব রেখে বাকি দিনগুলির নির্ঘণ্ড এরকম : (শুক্রবার ও শনিবার সরকারি সাপ্তাহিক ছুটির দুদিন লাইব্রেরী রাস্তায় নামে সকাল ৮টা থেকে)

শুক্রবার : পাথরঘাটা গির্জার পাশে (৮-১০টা), ফিরিঙ্গী বাজার অগ্রণী ব্যাংকের সামানের মোড়ে (১০-১১টা), সদরঘাট রোডে, পিকেসেন সাত তলার সামনে (১১-১২টা), জামাল খান রোডে, বেরাগীপাহাড় লীচু বাগার (২-৮টা), আইস ফ্যাক্টরী রোড, সদরঘাট (৫-৭টা) এবং বন্দর আবাসিক কলোনী, পুলিষ বিটের সামনে (৭টা-৮টা)।

শনিবার : লালখান বাজার (৮টা-১০টা), পূর্ব টাইগারপাস (১০-১২টা), মেহেদীবাগ রোড (২-৪টা), সার্সন রোড (৪-৫টা), আসকার দিঘীর পশ্চিম পাড় (৫-৭টা), পলোগ্রাউন্ড এলাকা (টাইগারপাস) (৭-৮টা)।

আ/এ (৪-৫টা), পূর্ব নাসিরাবাদ, পূর্বকোনের সম্মুখে, (৫ নাসিরাবাদ হাউজিং সোসাইটি (৬-৭টা), সুগন্ধা আ এলাকায় (৭-৮টা)।

**সোমবার :** নন্দনকানন-পাহাড়িকা স্কুল (২-৪টা), চা আবাসিক এলাকা (৪-৫টা), লিটলস্টার কেজি স্কুল (৫- পাঁচলাইশ জাতিসংঘ পার্ক (৬-৭টা) এবং কাতালগঞ্জ আ/এ ৮টা)।

**মঙ্গলবার : সাপ্তাহিক বন্ধ।**

বুধবার : পতেঙ্গা-ইস্টার্ন রি. কলোনি (২-৪টা) বন্দর ইস্ট ক (৪-৫টা), বন্দর, আবাসিক কলোনি (৫-৭টা), বন্দর হ কলোনি (৭-৮টা)।

**বৃহস্পতিবার :** হালিশহর জে ব্লক (২-৩টা), হালিশহর কে ব্লক (৩-৪টা), আগ্রাবাদ সিডিএ কলোনি (৪-৫টা), আ সিজিএস কলোনি মাঠ (৫-৭টা), আগ্রাবাদ বাংলাদেশ কলোনি মাঠ সংলগ্ন সড়কে (৭-৮টা)।

□ সেলিম নজরুল